

জাত পরিচিতি

ব্রি ধান২৯ বোরো মৌসুমের একটি নাবী জাতের ধান। ১৯৯৪ সালে এ জাতটি বাণিজ্যিক ভিত্তিতে চাষাবাদের জন্য অনুমোদন করা হয়। এটি একটি উচ্চ ফলন ক্ষমতাসম্পন্ন জাত।

জাতের বৈশিষ্ট্য

- ▶ উচ্চতা ৯৫ সেন্টিমিটার।
- ▶ কান্ড মজবুত তাই হেলে পড়ে না।
- ▶ এর চাল মাঝারি চিকন ও সাদা।



ব্রি ধান২৯

এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

গুণে ও মানে ব্রি ধান২৯ সকল আধুনিক ধানের সেরা। বলা যেতে পারে বোরো মৌসুমে ব্রি ধান২৯ সব চাইতে জনপ্রিয় জাত। এর ফলনের পরিমাণ সর্বোচ্চ। তবে উচ্চ ফলন দেবার জন্য এর সার গ্রহণ ক্ষমতাও বেশী। ব্রি ধান২৯ পাতা পোড়া ও খোল পোড়া রোগ মধ্যম প্রতিরোধশীল।

জীবনকাল

এ জাতটির জীবনকাল ১৬০ দিন।

ফলন

গড় ফলন হেক্টর প্রতি ৭.৫ টন।

চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপনঃ ১৭ কার্তিক - ১৬ অগ্রহায়ণ (১-৩০ নভেম্বর)।
২. চারার বয়সঃ ৪০-৫০ দিনের চারা।
৩. রোপণ দূরত্বঃ ২০×১৫ সেন্টিমিটার।

৪. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)ঃ

৪.১ ইউরিয়া টিএসপি এমপি জিপসাম জিঙ্ক
৩০-৪০ ৭-১৪ ৮-১৬ ৪-৮ ০.৭-১.৪

৪.২ ইউরিয়া সার ৩ কিস্তিতে প্রয়োগ করতে হবে।

প্রথম উপরি প্রয়োগ রোপণের ১৫-২০ দিন পর।

দ্বিতীয় উপরি প্রয়োগ রোপণের ৩০ দিন পর।

তৃতীয় উপরি প্রয়োগ রোপণের ৪৫ দিন পর।

৪.৩ ইউরিয়া সার প্রয়োগে লিফ কালার চার্ট (এলসিসি) ব্যবহার করতে হবে।

৫. আগাছা দমনঃ রোপণের ৪৫ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।

৬. সেচ ব্যবস্থাপনাঃ খোর অবস্থা থেকে দুধ অবস্থা পর্যন্ত জমিতে পর্যাপ্ত রস বা পানির ব্যবস্থা রাখতে হবে। তবে এডাল্লিউডি পদ্ধতি ব্যবহার করা ভাল।

৭. ফসল কাটাঃ ২৫ বৈশাখ - ৬ জ্যৈষ্ঠ।

আরো তথ্যের জন্যঃ

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@bri.gov.bd

অধিবেশন ২: মডিউল ২

ফ্যান্ট শীট ৯